২০১২

# বাংলা

## দ্বিতীয় পত্র

*পূর্ণমান* ঃ ১০০

*সময়* ঃ ৪ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

*প্রথমার্ধ* [ মান—৫০]

৬ *নং প্রশ্ন* এবং আরও যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও।

১। ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের অন্তর্গত ভাষা-পরিবারগুলির কোনটি কোন দেশে প্রচলিত লেখো। ইন্দো-ইরানীয় পরিবারের ভাষাগুলির কাল-পরম্পরা অনুসারী উল্লেখ করো। ৮+৮

২। সংস্কৃত ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো। বৈদিক সংস্কৃতের সঙ্গে সংস্কৃতের যে কোন দুটি গুরুত্বপূর্ণ পার্থক্যের উল্লেখ করো। ১২+৪

৩। মাগধী প্রাকৃতের সাধারণ বৈশিষ্ট্যগুলির উল্লেখ করো। ১৬

৪। প্রাচীন বাংলা থেকে আদি-মধ্য বাংলায় এবং আদি-মধ্য বাংলা থেকে অন্ত্যমধ্য বাংলায় ভাষাগত কী কী পরিবর্তন হয়েছিল তা সংক্ষেপে লেখো। ৮+৮

৫। টীকা লেখো (যে কোন *দুটি*) ঃ ৮+৮

(ক) বৈদিক ভাষার ধ্বনিগত বৈশিষ্ট্য ;

(খ) জার্মানিক ভাষা-পরিবার ;

(গ) আদি-প্রাকৃত বা প্রত্নলিপির প্রাকৃত ;

(ঘ) উনিশ শতকের বাংলা ভাষা ;

(ঙ) বাংলা ভাষার অনার্য শব্দভাণ্ডার।

*(Turn Over)*

৬। নিম্নলিখিত যে কোন *দুটি* অংশের বঙ্গানুবাদ করো এবং স্থূলাক্ষর পদগুলির ব্যাকরণগত টীকা লেখো ঃ $(৩+৪\times১\frac{1}{2})\times২$

(ক) তু জ্‌ **ঋ ণ** হিঅঅম মম উণ ম অণো দিবা অ **বক্তিং** চ,
নিক্কিব দাবই বলি অং তুহ হুর্ত **মণোরহাই** অঙ্গাইং ॥

(খ) উল্ললই দবভকলং মঞ্জ **পরিচগুণচ্চণা** মোরী
ওসরি অ-পাডুবত্তা মু অত্তি **অংসূইংব** ল আও।

(গ) এশে অশ্মাণম্‌ ঈশলে পণ্ডে **গেণহিঅ** লা অশাশণন্‌।
তা শউলাণম্‌ পেশকামি অথবা গিন্ধশিলাণাম্‌ বলী ভবিশশশি।

*দ্বিতীয়ার্ধ* [ মান—৫০]

১২ *নং প্রশ্ন* এবং আরও যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও।

৭। মূলধ্বনি (Phoneme) কী? ধ্বনির সঙ্গে মূলধ্বনির সম্পর্ক কী? কোনটি মূলধ্বনি (Phoneme) এবং কোনটি উপধ্বনি (Allophone) তা নির্ণয়ের পদ্ধতি কী? বাংলা ভাষার মূলধ্বনিগুলির উল্লেখ করো। ২+২+৮+৪

৮। যৌগিক কাল ও যৌগিক ক্রিয়ার মধ্যে পার্থক্য কী? বাংলা ভাষায় বিভক্তি অনুসারে কাল কত প্রকার তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+১৪

৯। বর্ণনামূলক ভাষাচর্চার উদ্ভব ও বিকাশ সম্পর্কে আলোচনা করো। ১৬

১০। ভাষা-সংস্কারের বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা করো। ১৬

১১। টীকা লেখো (যে কোন *চারটি*) ঃ ৪×৪

(ক) স্বরসঙ্গতি ;

(খ) সমধ্বনি রূপমূল (Homophonus Morpheme) ;

(গ) বাংলা অক্ষরের গঠন-আকৃতি ;

(ঘ) পরিপূরক অবস্থান ;

(ঙ) রেজিষ্টার ;

(চ) ফার্দি[illegible]সুর।

১২। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার প্রয়োজনীয়তা কোথায়?
নিম্নলিখিত শব্দগুলির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো ঃ
শৌর্য, বিষফোঁড়া, ছিদ্রান্বেষণ, রক্ষি, সঙ্কল্প, সান্ধ্য, বিশ্রস্ত, জাড্য, খিচুড়ি, কপিধ্বজ, অগ্ন্যুদগার, টঙ।

---